مَقَالٌ



💵 বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ১০৭৩

পর্ব - ৮ঃ বিবাহ (১যাب النكاح)

পরিচ্ছেদঃ ৭. তালাকের বিবরণ - তিন তালাক দ্বারা যা সংঘটিত হয়

আরবী

وَعَنِ ابْنِ عَبَّاسٍ _ رَضِيَ اللَّهُ عَنْهُمَا _ قَالَ: طَلَّقَ أَبُو رُكَانَةَ أُمَّ رُكَانَةَ. فَقَالَ لَهُ رَسُولُ اللَّهِ _ صلى الله عليه وسلم _ «رَاجِعِ امْرَأَتَكَ»، فَقَالَ: إِنِّي طَلَّقْتُهَا ثَلَاثًا. قَالَ: «قَدْ عَلِمْتُ, رَاجِعْهَا». رَوَاهُ أَبُو دَاوُدَ وَفِي لَفْظٍ لِأَحْمَدَ: طَلَّقَ أَبُو رُكَانَةَ إِمْرَأَتَهُ فِي مَجْلِسٍ وَاحِدٍ ثَلَاثًا, فَحَزِنَ عَلَيْهَا, فَقَالَ لَهُ رَسُولُ اللَّهِ _ صلى الله عليه وسلم _ «فَإِنَّهَا وَاحِدَةٌ». وَفِي سَنَدِهَا ابْنُ إِسْحَاقَ, وَفِيهِ رَسُولُ اللَّهِ _ صلى الله عليه وسلم _ «فَإِنَّهَا وَاحِدَةٌ». وَفِي سَنَدِهَا ابْنُ إِسْحَاقَ, وَفِيهِ

ضعیف. رواه أبو داود (2196) بسند ضعیف رواه أجمد (165) ولیست علته في ابن إسحاق، وإنما له علة أخرى

বাংলা

১০৭৩। ইবনু আব্বাস (রাঃ) থেকে বর্ণিত, তিনি বলেছেন, সাহাবী আবূ রুকানাহ তাঁর স্ত্রী উম্মু রুকানাহকে তালাক দিয়েছিলেন। রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁকে বললেন, তোমার স্ত্রীকে তুমি 'রাজায়াত' কর অর্থাৎ ফেরত নাও, উক্ত সাহাবী বললেন আমি তো তাকে তিন তালাক দিয়ে ফেলেছি। রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, তা তো আমি জানিই, তুমি তাকে ফিরিয়ে নাও।[1]

মুসনাদে আহমাদের শব্দে আছে, সাহাবী আবূ রুকানাহ তাঁর স্ত্রীকে একই বৈঠকে তিন তালাক দিয়েছিলেন। তারপর তিনি তাঁর স্ত্রী বিচ্ছেদ হেতু পেরেশান হয়ে পড়লেন। রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে বললেন— এটা তো একটি মাত্র তালাক গণ্য হয়েছে। হাদীস দু'টির রাবী ইবনু ইসহাক-এ হাদীসে ত্রুটি রয়েছে।



ফুটনোট

[1] আবূ দাউদ ২১৯৬, ২১৯৭, ২১৯৮। শাইখ বিন বায তাঁর বুলুগুল মারামের হাশিয়া ৬১৫ গ্রন্থে বলেন, ইবনু হাজার আসকালানী বলেন, এর দু'টি সানাদে ইবনু ইসহাক রয়েছে, যার সম্পর্কে বিতর্ক রয়েছে, আমি (বিন বায) বলছি, ইবনু ইসহাক স্পষ্টভাবে হাদ্দাসানা বলেছেন, একারণে তাদলীস (দোষ গোপন) দূর হয়ে গেল। আর হাদীস দিয়ে দলীলও দেয়া যাবে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন